গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, কৃষি মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ২২

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

দীর্ঘমেয়াদী খাদ্য নিরাপত্তা অর্জনের লক্ষ্যে ফসলখাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিসহ লাভজনক, টেকসই ও পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা গড়ে তোলা কৃষি মন্ত্রণালয়ের অন্যতম দায়িত্ব। সরকারের কৃষিবান্ধব নীতি গ্রহণের ফলে খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, বিভিন্ন ফসলের উন্নত ও প্রতিকূলতা সহিষ্ণু জাত উদ্ভাবন, নতুন শস্য বিন্যাস, পানি সাশ্রয়ী প্রযুক্তি, ভূপরিস্থ পানি ব্যবহার করে সেচ এলাকা সম্প্রসারণ এবং সমন্বিত বালাইনাশক পদ্ধতি প্রয়োগ ইত্যাদি সাফল্য অর্জিত হয়েছে। বিগত তিন বছরে ১০৪০.৯৫ লক্ষ মে.টন চাল, ৪০.৪৫ লক্ষ মে.টন গম, ২৭৬.৩৬ লক্ষ মে.টন আলু, ৭৪.৪৯ লক্ষ মে.টন ভুট্টা, ৪২৫.০৩ লক্ষ মে.টন সবজি, ৩২২.৬২ লক্ষ মে.টন ফল এবং ৯০.৫১ লক্ষ মে.টন মসলা উৎপাদিত হয়েছে। এ সময়কালে উপকরণ হিসেবে ধান বীজ ২.৮৪ লক্ষ মে.টন, গম বীজ ০.৮০ লক্ষ মে.টন এবং আলু বীজ ০.৭৮ লক্ষ মে.টন সরবরাহ করা হয়েছে। বিগত তিন বছরে উন্নয়ন সহায়তা হিসেবে সারে প্রায় ২৭,০০০ কোটি টাকা, কৃষি পুনর্বাসন খাতে প্রায় ১৯৬ কোটি টাকা এবং হ্রাসকৃত মূল্যে খামার ও কৃষি যন্ত্রপাতি কৃষকদের নিকট সরবরাহ করা হয়েছে এবং লবণাক্ততা, জলাবদ্ধতা ও খরা সহিষ্ণুসহ বিভিন্ন ফসলের ১০৩ টি উচ্চফলনশীল জাত ও ১২২টি প্রযুক্তি উদ্ভাবন/অবমুক্ত করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

দেশে ক্রমবর্ধমান জনসংখ্যার বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদার বিপরীতে আবাদযোগ্য কৃষি জমি হ্রাস পাচ্ছে। একই সঙ্গে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগের কারণে বিপুল জনগোষ্ঠির খাদ্য যোগানের চ্যালেঞ্জ ক্রমশ নতুন মাত্রা পাচ্ছে। এ ছাড়া মাটির উৎপাদনশীলতা ধরে রাখা, সনাতন পদ্ধতির খোরপোশ (subsistence) চাষাবাদ থেকে বাণিজ্যিক কৃষিতে উত্তরণ, কৃষি শ্রমিকের অপ্রতুলতা এবং কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণও এ সময়ের কৃষির প্রধান চ্যালেঞ্জ ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনকে টেকসই রূপ প্রদান, খোরপোশ কৃষি হতে বাণিজ্যিক কৃষিতে উত্তরণ, প্রচলিত চাষাবাদ পদ্ধতিকে যান্ত্রিক পদ্ধতিতে উন্নীত করা, অধিক পুষ্টি সমৃদ্ধ ফসল উৎপাদন ও সুষম খাদ্য গ্রহণের অভ্যাস গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ, অগ্রাধিকার ভিত্তিতে দেশের দক্ষিণাঞ্চল, হাওর অঞ্চল ও পাবর্ত্য এলাকায় পরিকল্পিত উপায়ে চাষাবাদ এবং সার্বিক উৎপাদনশীলতা বাড়ানোর কার্যক্রম ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- উচ্চ ফলনশীল, পুষ্টিসমৃদ্ধ এবং জলমগ্নতা, লবণাক্ততা ও খরাসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের ৩৫ টি জাত ও ৪০টি প্রযুক্তি উদ্ভাবন;
- কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ৭ লক্ষ কৃষক/ব্যক্তিকে প্রশিক্ষণ এবং ১ লক্ষ ৫৫ হাজার প্রদর্শনী স্থাপন;
- উন্নয়ন সহায়তার মাধ্যমে নির্ধারিত মূল্যে ৪১.০০ লক্ষ মেট্রিক টন সার সরবরাহ তন্মধ্যে ইউরিয়া ২২.০০ লক্ষ মেট্রিক টন, টিএসপি ৭.০০ লক্ষ মেট্রিক টন, ডিএপি ৬.০০ লক্ষ মেট্রিক টন এবং এমওপি ৬.০০ লক্ষ মেট্রিক টন।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, কৃষি মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই, নিরাপদ ও লাভজনক ফসল উৎপাদন ব্যবস্থাপনা

**১.২ অভিলক্ষ্য (Mission)**

শস্য বহমূখীকরণ, অধিক পুষ্টিসমৃদ্ধ ফসল উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি, বিপণন ব্যবস্থার উন্নয়ন এবং কৃষকের মুনাফা বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি
৩. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ
৪. কৃষি পণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. কৃষি গবেষণা ও শিক্ষা কার্যক্রম;
২. কৃষি সম্প্রসারণ ও প্রশিক্ষণ;
৩. বীজ উৎপাদন, মান নিয়ন্ত্রণ, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ;
৪. মৃত্তিকা জরিপ, মাটির গুণাগুণ পরীক্ষা ও সুপারিশ;
৫. কৃষি পণ্যের সংরক্ষণ ও বিপণন;
৬. কৃষিতে সহায়তা ও পুনর্বাসন;
৭. কৃষি উপকরণ ও যন্ত্রপাতি সংগ্রহ, বিতরণ, উদ্ভাবন ও ব্যবস্থাপনা এবং
৮. ক্ষুদ্র সেচ কার্যক্রম।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| খাদ্যশস্যের পর্যাপ্ততা | উৎপাদিত চাল | মেট্রিক টন (কোটি) | ৩.৪৭ | ৩.০০ | ৩.৫১ | ৩.৫৩ | ৩.৫৬ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| | উৎপাদিত গম | মেট্রিক টন(লক্ষ) | ১৩.৪৭ | ১৩.৫৫ | ১৪.৩১ | ১৪.৮১ | ১৫.৩১ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| | উৎপাদিত ভুট্টা | মেট্রিক টন(লক্ষ) | ২৩.৬১ | ২৬.৩৬ | ২৮.০০ | ৩০.০০ | ৩২.০০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| আলু ও সবজির পর্যাপ্ততা | উৎপাদিত আলু | মেট্রিক টন (লক্ষ) | ৯২.৫৪ | ১০৩.০৪ | ৮৯.৫০ | ৯০.৫০ | ৯১.৫০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| | উৎপাদিত সবজি | মেট্রিক টন (লক্ষ) | ১৪২.৩৭ | ১৩৬.৩৭ | ১৩৯.৩৭ | ১৪২.৩৭ | ১৪৫.৩৭ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ফলের পর্যাপ্ততা | উৎপাদিত ফল | মেট্রিক টন(লক্ষ) | ১০৬.০৮ | ১১০.৮৪ | ১১৫.৬০ | ১২০.৩৬ | ১২৫.১২ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| ডাল ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত ডাল | মেট্রিক টন (লক্ষ) | ৮.৯৩ | ৮.৯০ | ৯.৩১ | ৯.৮১ | ১০.৩১ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| তেল ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত তেল বীজ | মেট্রিক টন(লক্ষ) | ১০.৩৯ | ১০.৫০ | ১০.৬০ | ১০.৭০ | ১০.৮০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| মসলা ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত মসলা | মেট্রিক টন (লক্ষ) | ৩১.২৫ | ৩১.২৯ | ৩১.৫০ | ৩১.৭৫ | ৩১.৯০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| অর্থকরী ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত পাট | বেল (লক্ষ) | ৭৫.০১ | ৭৫.৬০ | ৭৫.৯০ | ৭৬.১০ | ৭৬.৬০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |
| | উৎপাদিত সুগারক্রপ | মেট্রিক টন(লক্ষ) | ৫৫.০০ | ৫৬.০০ | ৫৭.৫০ | ৫৮.৫০ | ৫৮.৫০ | শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট, অর্থনৈতিক সমীক্ষা, বিবিএস, ডিএই'র বার্ষিক প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক প্রকাশিত বুকলেট, নিউজ লেটার, কৃষি কথা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৩৩ | [১.১] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতাসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | [১.১.১] উদ্ভাবিত/অবমুক্ত জাত | সংখ্যা | ৭.০০ | ৩৫ | ৩১ | ৩৫ | ৩৪ | ৩৩ | ৩২ | ৩১ | ৩৫ | ৩৫ |
| | | | [১.১.২] উদ্ভাবিত প্রযুক্তি | সংখ্যা | ৪.০০ | ৪১ | ৪০ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪১ | ৪১ |
| | | [১.২] কৃষকের নিকট উদ্ভাবিত/অবমুক্ত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.২.১] প্রশিক্ষিত কৃষক/ব্যক্তি | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৮.২৬ | ৭.০০ | ৭.০০ | ৬.৭৫ | ৬.৫০ | ৬.২৫ | ৬.০০ | ৭.৫০ | ৭.৫০ |
| | | | [১.২.২] স্থাপিত প্রদর্শনী | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১.১১ | ১.৬০ | ১.৫৫ | ১.৪৫ | ১.৩৭ | ১.৩০ | ১.২০ | ১.২৮ | ১.০৬ |
| | | | [১.২.৩] আয়োজিত মাঠ দিবস/চাষী র‍্যালি | সংখ্যা | ৩.০০ | ১৭৫০০ | ১৭৯০০ | ১৮০০০ | ১৭৮৭৫ | ১৭৭৫০ | ১৭৬২৫ | ১৭৫০০ | ১৮০০০ | ১৮২০০ |
| | | | [১.২.৪] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ২.০০ | ২০০ | ২১২ | ২২০ | ২১৫ | ২১০ | ২০৫ | ২০০ | ২২৫ | ২৩০ |
| | | [১.৩] কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | [১.৩.১] গঠিত কৃষক গ্রুপ/ক্লাব | সংখ্যা | ৩.০০ | ১০৫০ | ১০৬৪ | ১১০০ | ১০৭৫ | ১০৫০ | ১০২৫ | ১০০০ | ১১৫০ | ১১৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৩] কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | [১.৩.২] এআইসিসি'র উপকারভোগী কৃষক | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১২ | ১১.৫ | ১৪.০০ | ১৩.৫০ | ১৩.০০ | ১২.৫০ | ১২.০০ | ১৪.০০ | ১৫.০০ |
| | | [১.৪] খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] প্রশিক্ষিত ব্যক্তি | সংখ্যা | ২.০০ | ৪২০০ | ৪৮৩১ | ৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৪২৫০ | ৪০০০ | ৫৫০০ | ৫৫০০ |
| | | | [১.৪.২] আয়োজিত সভা/ওয়ার্কশপ | সংখ্যা | ১.০০ | ৬ | ১০ | ১০ | ৯ | ৮ | | | ১০ | ১২ |
| | | | [১.৪.৩] প্রকাশিত পোস্টার, বুকলেট ও লিফলেট | সংখ্যা | ১.০০ | ৫০০০০ | ৫০০০০ | ৭৫০০০ | ৬৮৭৫০ | ৬২৫০০ | ৫৬২৫০ | ৫০০০০ | ৮০০০০ | ৮৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি | ২৯ | [২.১] নির্ধারিত মূল্যে সার সরবরাহ নিশ্চিতকরণ | [২.১.১] সরবরাহকৃত ইউরিয়া সার | মেট্রিক টন (লক্ষ) | ৩.০০ | ২৬.৩৯ | ২১.৫৪ | ২২.০০ | ২১.৫০ | ২১.০০ | ২০.৫০ | ২০.০০ | ২২.০০ | ২২.০০ |
| | | | [২.১.২] সরবরাহকৃত টিএসপি সার | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ৭.২২ | ৬.৩৭ | ৭.০০ | ৬.৭৫ | ৬.৫০ | ৬.২৫ | ৬.০০ | ৭.০০ | ৭.০০ |
| | | | [২.১.৩] সরবরাহকৃত ডিএপি সার | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ৫.৯৮ | ৫.৯৯ | ৬.০০ | ৫.৮০ | ৫.৭৫ | ৫.৬০ | ৫.৫০ | ৬.২০ | ৬.৪০ |
| | | | [২.১.৪] সরবরাহকৃত এমওপি সার | মেট্রিক টন (লক্ষ) | ১.০০ | ৬.৪১ | ৬.৮১ | ৬.০০ | ৫.৭৫ | ৫.৫০ | ৫.২৫ | ৫.০০ | ৬.৫০ | ৬.৭৫ |
| | | [২.২] সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং এর সহজলভ্যতা বৃদ্ধি | [২.২.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | সংখ্যা | ৩.০০ | ১৪০১৪ | ১৮৮৯ | ৪৩২৫ | ৪১৭৫ | ৪০২৫ | ৩৮৭৫ | ৩৭২৫ | ৪৮৩০ | ৪৮৩০ |
| | | | [২.২.২] সরবরাহকৃত সেচ যন্ত্রপাতি | সংখ্যা | ২.০০ | ৭১০ | ৮১১ | ৮০০ | ৭৭৫ | ৭৫০ | ৭২৫ | ৭০০ | ৮০০ | ৮০০ |
| | | [২.৩] ভূ-পরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্র সেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলামগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি | [২.৩.১] সম্প্রসারিত সেচ এলাকা | হেক্টর (লক্ষ) | ২.০০ | ১.১২ | ০.৩৬ | ০.২০ | ০.১৮ | ০.১৭ | ০.১৬ | ০.১৫ | ০.১৫ | ০.১৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | [২.৪.১] উৎপাদিত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ৫.০০ | ১.৩৪ | ০.৫৬ | ১.৩০ | ১.২৮ | ১.২৫ | ১.২২ | ১.২০ | ১.৪৫ | ১.৫০ |
| | | | [২.৪.২] বিতরণকৃত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ১.৩০ | ১.১২ | ১.২৫ | ১.২২ | ১.২০ | ১.১৭ | ১.১৫ | ১.৪০ | ১.৪৫ |
| | | [২.৫] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাতের ব্রিডার, ভিত্তি, ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন ও বিতরণ | [২.৫.১] প্রতিকূলতা সহনশীল জাতের উৎপাদিত বীজ | মেট্রিক টন | ২.০০ | ৮০৩০ | ৫১৬০ | ৫০০০ | ৪৮৭৫ | ৪৭৫০ | ৪৬২৫ | ৪৫০০ | ৫০০০ | ৫০০০ |
| | | [২.৬] বীজের সঠিক মান নির্ধারণ | [২.৬.১] প্রত্যায়িত বীজ | মেট্রিক টন | ৩.০০ | ৮০০০০ | ৯৫০০০ | ৯৫০০০ | ৯২০০০ | ৮৭৫০০ | ৮৩৭৫০ | ৮০০০০ | ৯৬০০০ | ৯৭০০০ |
| | | | [২.৬.২] পরীক্ষিত বীজ নমুনা | সংখ্যা | ২.০০ | ৪৯৬১ | ৪৯৯১ | ৫০০০ | ৪৮৭৫ | ৪৭৫০ | ৪৬৫০ | ৪৫০০ | ৫০০০ | ৫৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ | ১২ | [৩.১] মৃত্তিকা জরিপের মাধ্যমে মৃত্তিকা ও ভূসম্পদ চিহ্নিতকরণ এবং উৎপাদন সক্ষমতা অনুযায়ী ভূমি ও মৃত্তিকা সম্পদের শ্রেণি বিন্যাস | [৩.১.১] জরিপকৃত উপজেলা | সংখ্যা | ৩.০০ | ১৬ | ১৫ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২০ | ২০ |
| | | | [৩.১.২] মুদ্রিত উপজেলা ডিরেক্টরী | সংখ্যা | ৩.০০ | ২০ | ১৫ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২০ | ২০ |
| | | [৩.২] উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে মাটি পরীক্ষার সুবিধাদি সম্প্রসারণ | [৩.২.১] বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সংখ্যা | ২.০০ | ১৭০০০ | ১৮০০০ | ১৮০০০ | ১৭৭৫০ | ১৭৫০০ | ১৭২৫০ | ১৭০০০ | ১৮৫০০ | ১৮৫০০ |
| | | [৩.৩] জৈব সার, সবুজ সার ও জীবাণু সারের ব্যবহার কৃষকদের নিকট জনপ্রিয়করণ | [৩.৩.১] প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ২.০০ | ১৪০০০ | ১২০০০ | ১২০০০ | ১১৮০০ | ১১৬০০ | ১১৪০০ | ১১২০০ | ১২০০০ | ১২০০০ |
| | | | [৩.৩.২] স্থাপিত কম্পোস্ট স্তুপ | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৭.৫১ | ৬.০০ | ৬.৫০ | ৬.২৫ | ৬.০০ | ৫.৭৫ | ৫.৫০ | ৬.৫০ | ৭.০০ |
| [৪] কৃষি পণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা | ৬ | [৪.১] কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [৪.১.১] ওয়েব সাইটে প্রকাশিত বাজার মূল্য | সংখ্যা | ১.০০ | ২০০০০ | ১৫১১০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২১০০০ | ২২০০০ |
| | | | [৪.১.২] প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ১.০০ | ৪০০০ | ৩০০৬ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪২০০ | ৪৪০০ |
| | | | [৪.১.৩] প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | ৩০০ | ২৩২ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ৩০০ | ৩০০ |
| | | [৪.২] বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও দল গঠন | [৪.২.১] প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ২.০০ | ১০০০০ | ২৪৪০ | ৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৪২৫০ | ৪০০০ | ৬০০০ | ৭০০০ |
| | | | [৪.২.২] গঠনকৃত কৃষক বিপণন দল | সংখ্যা | ১.০০ | ৮৯৭ | ১০০ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ২০০ | ২৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, কৃষি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ..................................... | ০৪.০৮.২০১৬ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | তারিখ |
| ..................................... | ০৪.০৮.২০১৬ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ২ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ৩ | বিএফএ | বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন |
| ৪ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৫ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ৬ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৭ | বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |
| ৮ | বারটান | বাংলাদেশ ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং অন এপ্লাইড নিউট্রিশন |
| ৯ | বিজেআরআই | বাংলাদেশ জুট রিসার্চ ইনস্টিটিউট |
| ১০ | বিএমডিএ | বরেন্দ্র মাল্টিপারপাস ডেভেলপমেন্ট অথরিটি |
| ১১ | বিআরআরআই | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| ১২ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ১৩ | সিডিবি | কটন ডেভেলপমেন্ট বোর্ড |
| ১৪ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ১৫ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ১৬ | ডিএপি | ডাই এমোনিয়াম ফসফেট |
| ১৭ | এমওপি | মিউরিয়েট অব পটাশ |
| ১৮ | এনএটিএ | ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমি |
| ১৯ | এসসিএ | সিড সার্টিফিকেশন এজেন্সি |
| ২০ | টিএসপি | ট্রিপল সুপার ফসফেট |
| ২১ | বিএসআরআই | বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউট |
| ২২ | এফ এম এম | ফার্টিলাইজার ম্যানেজমেন্ট ও মনিটরিং |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতাসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | [১.১.১] উদ্ভাবিত/অবমুক্ত জাত | মন্ত্রণালয়ের আওতাধীন বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠানসমূহ ফসলের ফলন বৃদ্ধি এবং লবণাক্ততা, খরা, জলাবদ্ধতা ইত্যাদি ঘাতসহিষ্ণু জাত উদ্ভাবন করে। | বিএআরসি,বিএআরআই,বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই ও সিডিবি | জাতের সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন ও জাতীয় বীজ বোর্ডের রেজুলেশন |
| | [১.১.২] উদ্ভাবিত প্রযুক্তি | চাষাবাদ পদ্ধতি, সাশ্রয়ী পানি ব্যবহার, সারের ব্যবহার কৌশল, নতুন কৃষি যন্ত্রপাতির ব্যবহার, মাটির স্বাস্থ্য সুরক্ষা, বালাই দমন ব্যবস্থা ইত্যাদির সমন্বয়ে কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা হয়। | বিএআরসি,বিএআরআই,বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই ও সিডিবি | প্রযুক্তির সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন ও গবেষণা প্রতিষ্ঠানের ম্যানেজমেন্ট বোর্ডের |
| [১.২] কৃষকের নিকট উদ্ভাবিত/অবমুক্ত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.২.১] প্রশিক্ষিত কৃষক/ব্যক্তি | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি মাঠপর্যায়ে সম্প্রসারণের জন্য সম্প্রসারণ কর্মকর্তা, মাঠকর্মী ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | ডিএই, বিএডিসি, বিএআরআই, বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই, বিএমডিএ, সিডিবি ও এসসিএ | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] স্থাপিত প্রদর্শনী | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ এবং কৃষকদেরকে উদ্বুদ্ধকরণের জন্য মাঠে চাষাবাদ কৌশল, প্রযুক্তির ব্যবহার ও ফলাফল প্রদর্শনের আয়োজন করা হয়। | ডিএই, বিএসআরআই, বিনা, বিএআরআই ও সিডিবি | প্রদর্শনীর সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৩] আয়োজিত মাঠ দিবস/চাষী র‍্যালি | পউদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ করতে মাঠে ফসল রোপন, চাষাবাদ প্রযুক্তি প্রদর্শন, ফসল কর্তন ইত্যাদির জন্য কৃষকের মাঠে সমবেত হয়ে মাঠ দিবসের মাধ্যমে ফলাফল প্রদর্শন করা হয় | ডিএই - | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৪] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণের জন্য সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করে জনসাধারণ ও কর্মকর্তাদের প্রযুক্তি ও জাত সর্ম্পকে অবহিতকরণ এবং মতবিনিময় করা হয়। | ডিএই, বিএআরআই, বিজেআরআই, বিএসআরআই, বিনা, সিডিবি, এসসিএ ও এনএটিএ | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | [১.৩.১] গঠিত কৃষক গ্রুপ/ক্লাব | কৃষক দল গঠন করে দলের মাধ্যমে কৃষি প্রযুক্তি জ্ঞান ও ই-কৃষি ব্যবস্থা বিস্তার করা হয়। | ডিএই ও এআইএস | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৩.২] এআইসিসি'র উপকারভোগী কৃষক | কৃষক ও প্রান্তিক জনগোষ্ঠির নিকট ডিজিটাল পদ্ধতির মাধ্যমে কৃষি তথ্য পৌছে দিতে ১৪৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। এতে কম্পিউটার, ভিডিও ক্যাম, স্ক্যানার ও ইন্টারনেটের সহায়তায় ই-কৃষি সেবা প্রদান করা হয়। | এআইএস | উপকারভোগীর সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৪] খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] প্রশিক্ষিত ব্যক্তি | খাদ্যমান ও পুষ্টিগুণ সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। | বারটান | প্রশিক্ষিত ব্যক্তির সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.২] আয়োজিত সভা/ওয়ার্কশপ | খাদ্যমান ও পুষ্টিগুণ সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য সভা/ওয়ার্কশপের আয়োজন করা হয়। | বারটান | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৩] প্রকাশিত পোস্টার, বুকলেট ও লিফলেট | খাদ্যমান ও পুষ্টিগুণ সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য পোস্টার, বুকলেট ও লিফলেট প্রকাশ করা হয়। | এআইএস | মোট মুদ্রণ সংখ্যা নির্ধারণ | প্রকাশনার বিবরণ |
| [২.১] নির্ধারিত মূল্যে সার সরবরাহ নিশ্চিতকরণ | [২.১.১] সরবরাহকৃত ইউরিয়া সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে ইউরিয়া সার সরবরাহ করা হয়। | বিসিআইসি, বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন ও বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | বিক্রয়কৃত সারের পরিমাণ নির্ধারণ | এফএমএম প্রতিবেদন |
| | [২.১.২] সরবরাহকৃত টিএসপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে টিএসপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন এবং বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | বিক্রয়কৃত সারের পরিমাণ নির্ধারণ | এফএমএম প্রতিবেদন |
| | [২.১.৩] সরবরাহকৃত ডিএপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে ডিএপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন এবং বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | বিক্রয়কৃত সারের পরিমাণ নির্ধারণ | এফএমএম প্রতিবেদন |
| | [২.১.৪] সরবরাহকৃত এমওপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে এমওপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন এবং বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | বিক্রয়কৃত সারের পরিমাণ নির্ধারণ | এফএমএম প্রতিবেদন |
| [২.২] সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং এর সহজলভ্যতা বৃদ্ধি | [২.২.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | কৃষি যান্ত্রিকীকরণকে জনপ্রিয় করতে ৩০% উন্নয়ন সহায়তার মাধ্যমে পাওয়াল টিলার, ট্রাক্টর ইত্যাদি যন্ত্রপাতি সরবরাহ করা হয় | ডিএই | যন্ত্রপাতির সংখ্যা নির্ধারণ | প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন |
| | [২.২.২] সরবরাহকৃত সেচ যন্ত্রপাতি | সেচের এলাকা বৃদ্ধি ও সেচ কার্যক্রম সক্রিয় রাখতে বিভিন্ন এলাকা নলকূপসহ বিভিন্ন সেচ যন্ত্রপাতি সরবরাহ করা হয়। | বিএডিসি ও বিএমডিএ | যন্ত্রপাতির সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] ভূ-পরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্র সেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলামগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি | [২.৩.১] সম্প্রসারিত সেচ এলাকা | শুস্ক মৌসুমে অনাবাদী জমি চাষের আওতায় আনতে সেচ সুবিধা সৃষ্টির মাধ্যমে সেচ এলাকা সম্প্রসারণ করা হয়। | বিএডিসি ও বিএমডিএ | এলাকা (ক্ষেত্রফল) নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৪] ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | [২.৪.১] উৎপাদিত বীজ | গবেষণা প্রতিষ্ঠানসমূহ প্রজনন বীজ উৎপাদন করে এবং বিএডিসি ভিত্তি বীজ ও প্রত্যায়িত/মানঘোষিত বীজ উৎপাদন করে। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | পরিমাণ নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.২] বিতরণকৃত বীজ | গবেষণা প্রতিষ্ঠান ও বিএডিসি কর্তৃক উৎপাদিত বীজ মাঠ পর্যায়ে ও অন্যান্য বীজ উৎপাদন প্রতিষ্ঠানে বিতরণ করা হয়। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | পরিমাণ নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাতের ব্রিডার, ভিত্তি, ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন ও বিতরণ | [২.৫.১] প্রতিকূলতা সহনশীল জাতের উৎপাদিত বীজ | লবণাক্ততা, খরা এবং পানিসহিষ্ণু জাতসহ বিভিন্ন প্রতিকূলতা সহনশীল জাতের বীজ উৎপাদন করা হয়। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | পরিমাণ নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] বীজের সঠিক মান নির্ধারণ | [২.৬.১] প্রত্যায়িত বীজ | গবেষণা প্রতিষ্ঠান ও বেসরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে বীজ পরীক্ষাপূর্বক প্রত্যায়িত। | বীজ প্রত্যায়ন এজেন্সী | পরিমাণ নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [২.৬.২] পরীক্ষিত বীজ নমুনা | গবেষণা প্রতিষ্ঠান ও বেসরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে বীজ অবমুক্ত করার পূর্বে বীজ প্রত্যয়ন এজেন্সী বীজের নমুনা পরীক্ষা করে থাকে। | বীজ প্রত্যায়ন এজেন্সী | নমুনার সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] মৃত্তিকা জরিপের মাধ্যমে মৃত্তিকা ও ভূসম্পদ চিহ্নিতকরণ এবং উৎপাদন সক্ষমতা অনুযায়ী ভূমি ও মৃত্তিকা সম্পদের শ্রেণি বিন্যাস | [৩.১.১] জরিপকৃত উপজেলা | সারাদেশে ইউনিয়ন পর্যায়ে মৃত্তিকা নমুনাতে ফসলের খাদ্য উপাদানের পরিমাণ নির্ণয়ের জন্য মাঠ জরিপ করা হয়। | এসআরডিআই | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] মুদ্রিত উপজেলা ডিরেক্টরী | মৃত্তিকা জরিপের তথ্য সম্বলিত উপজেলা ডিরেক্টরি মূদ্রণ করা হয় যাতে উক্ত উপজেলার মাটিতে ফসলের খাদ্য উপাদানের পরিমাণ এবং তার পরিপ্রেক্ষিতে সারের পরিমাণ সুপারিশ করা হয়। ফলে সুষম সারের ব্যবহার সম্ভব হয়। | এসআরডিআই | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে মাটি পরীক্ষার সুবিধাদি সম্প্রসারণ | [৩.২.১] বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | মাটিতে বিদ্যমান খাদ্য উপাদানের পরিমাণ জানতে তা বিশ্লেষণ করা হয়, ফলে চাহিদামত সুষম সার ব্যবহারের জন্য সুপারিশ করা সম্ভব হয়। | এসআরডিআই | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] জৈব সার, সবুজ সার ও জীবাণু সারের ব্যবহার কৃষকদের নিকট জনপ্রিয়করণ | [৩.৩.১] প্রশিক্ষিত কৃষক | জৈব সার প্রস্তুতের বৈজ্ঞানিক পদ্ধতি ও তা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | এসআরডিআই | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৩.২] স্থাপিত কম্পোস্ট স্তুপ | মাটির স্বাস্থ্য রক্ষা ও মাটিতে জৈব উপাদান বৃদ্ধির জন্য কম্পোস্ট স্তুপের মাধ্যমে জৈব সার প্রস্তত করা হয় | ডিএই | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [৪.১.১] ওয়েব সাইটে প্রকাশিত বাজার মূল্য | কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা পর্যায় থেকে বিভিন্ন কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | ডিএএম | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | [৪.১.২] প্রকাশিত বুলেটিন | কৃষি পণ্যের বাজার মূল্য, ফসল সংগ্রহোত্তর সংরক্ষণ, বিপণন ইত্যাদি তথ্য সম্বলিত কৃষি বিপণন বুলেটিন প্রকাশ করা হয়। | ডিএএম | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| | [৪.১.৩] প্রকাশিত প্রতিবেদন | কৃষি বিপণন সর্ম্পকিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হয়। | ডিএএম | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| [৪.২] বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও দল গঠন | [৪.২.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন সর্ম্পকে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | ডিএএম | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৪.২.২] গঠনকৃত কৃষক বিপণন দল | কৃষি বিপণনের জন্য একই জাতীয় পণ্যের বাণিজ্যে নিয়োজিত ব্যক্তিদের সমন্বয়ে কৃষক বিপণন দল গঠন। | ডিএএম | সংখ্যা নির্ধারণ | বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | সরবরাহকৃত ইউরিয়া সার | চাহিদামাফিক ইউরিয়া সার উৎপাদন ও সময়মত সরবরাহ | ইউরিয়া সার উৎপাদন বিসিআইসির নিয়ন্ত্রাধীন। ট্রেড গ্যাপের (উন্নয়ন সহায়তা) টাকা কৃষি মন্ত্রণালয় থেকে প্রদান করা হয়। | ফসল উৎপাদন ব্যাহত হবে |